

সিড্যা ইউনিয়ন পরিষদের এপ্রিল ২০২৩ মাসের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী:  
সভা নং ১০/২০২২-২০২৩

সভাপতি : সৈয়দ আব্দুল হদী জিন্ন  
চেয়ারম্যান  
সিড্যা ইউনিয়ন পরিষদ  
ডামুড্যা, শরীয়তপুর।

তারিখ : ১০-০৪-২০২৩ খ্রি.।  
সময় : সকাল ১০.০০ টা।  
স্থান : ইউনিয়ন পরিষদ সভাকক্ষ।  
উপস্থিতি : উপস্থিত সদস্যদের বিবরণ সদস্য হাজিরা রেজিস্টার দ্রষ্টব্য।

সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। সভায় পূর্ববর্তী সভার সিদ্ধান্তসমূহ পড়ে শুনানো হয় এবং এতে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। সভায় নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্র. নং	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী সদস্য
০২	চেয়ারম্যান এর অবর্তমানে দায়িত্ব পালন সংক্রান্ত	সভাপতি বলেন, আমার ব্যক্তিগত ও অসুস্থতা জনিত কারণে আগামী ১৫-০৪-২০২৩ হইতে ইউনিয়নের বাহিরে অবস্থান করবো। এমতাবস্থায় আমি আসার পূর্বে পর্যন্ত আমার অবর্তমানে কে দায়িত্ব পালন করতে পারবেন সে বিষয়ে আলোচনা করুন। এরপর উপস্থিত সদস্যবৃন্দের আলোচনা ও পর্যালোচনা শেষে জনাব আব্দুল হালিম, ইউপি সদস্য ০৮ নং ওয়ার্ড ও প্যানেল চেয়ারম্যান ০১ ভারপ্রাপ্ত চেয়ারম্যান হিসেবে দায়িত্ব পালন করবেন বলে সকলে মতামত ব্যক্ত করেন।	জনাব আব্দুল হালিম, ইউপি সদস্য ০৮ নং ওয়ার্ড ও প্যানেল চেয়ারম্যান ০১ ভারপ্রাপ্ত চেয়ারম্যান হিসেবে দায়িত্ব পালন করবেন	জনাব আব্দুল হালিম, ইউপি সদস্য ০৮ নং ওয়ার্ড ও প্যানেল চেয়ারম্যান ০১
০৩	পবিত্র ঈদ উল ফিতর ২০২৩ ভিজিএফ চাল বিতরণ সংক্রান্ত	সভাপতি বলেন, ইতোমধ্যে পবিত্র ঈদ উল ফিতর ২০২৩ ভিজিএফ চাল বিতরণের তালিকা সম্পন্ন হয়েছে। ১৬-০৪-২০২৩ তারিখে ট্যাগ অফিসারের উপস্থিতিতে ১০ কেজি করে চাল বিতরণ করা হবে। ইউপি সদস্য ও গ্রাম পুলিশ উপস্থিত থাকবেন	১৬-০৪-২০২৩ সকাল ৯.০০ টা থেকে চাল বিতরণ করা হবে।	১) চেয়ারম্যান ২) ট্যাগ অফিসার ৩) ইউপি সদস্য ৪) গ্রাম পুলিশবাহিনী
০৪	উন্নয়নমূলক কাজের অগ্রগতি	সভাপতি জানান, সিড্যা ইউনিয়নের ২০২২-২০২৩ অর্থবছরের বরাদ্দকৃত অর্থের বিভিন্ন ওয়ার্ডের উন্নয়নমূলক কাজ কিছু সম্পন্ন হয়েছে এবং কিছু চলমান রয়েছে। এছাড়াও ২০২২-২০২৩ অর্থবছরের উন্নয়ন সহায়তা তহবিলের ০৩ টি ক্ষিম ডি.এফ, শরীয়তপুর পরিদর্শন করেন। ইতোমধ্যে উপপরিচালক, স্থানীয় সরকার, শরীয়তপুর মহোদয়ের ছাড়পত্রের মাধ্যমে বিল ঠিকাদারকে হস্তান্তর করা হয়েছে।	স্বচ্ছতা ও জবাব দিহিতার এ ধারা অব্যাহত থাকবে।	১১) চেয়ারম্যান ২) ইউপি সদস্য ৩) ইউপি সচিব ৪) হিসাব সহকারী কাম- কম্পিউটার

*(Handwritten signature)*